মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী।

স্মারক নং ঃ ৪৭.২৬৭৩৮/১৫৪৬ তারিখ ঃ ২/৪/২০১২

প্রেরক ঃ বিদ্যালয় পরিদর্শক,
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী।

প্রাপক ঃ প্রধান শিক্ষক,
বিষ্ণপুর মনিরুল ইসলাম উচ্চ বিদ্যালয়
ডাকঘর : দুলাই, উপজেলা : সাঁথিয়া, জেলা : পাবনা।

বিষয় ঃ মাধ্যমিক পর্যায়ে পাঠদানের অনুমতি প্রদান প্রসংগে।

সূত্র ঃ শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- শিম/শাঃ ১১/৬-৭৬/২০১০/৭৭ তারিখ- ০২/০২/২০১২ ইং।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক সম্মতি জ্ঞাপন করায় এম.পি.ও না নেয়ার শর্তে আপনার বিদ্যালয়ে ০২/০২/২০১২ ইং তারিখ হতে ০৩ (তিন) বছরের জন্য মানবিক, বিজ্ঞান, ব্যবসায় শিক্ষা শাখা এবং কম্পিউটার শিক্ষা, কৃষি শিক্ষা ও উচ্চতর গণিত বিষয়সহ মাধ্যমিক পর্যায়ে পাঠদানের অনুমতি প্রদান করা হলো।

মাধ্যমিক পর্যায়ে পঠিত বিভাগ ও বিষয় সমূহ ঃ

আবশ্যিক বিষয় ঃ বাংলা, ইংরেজী, গণিত, ধর্ম শিক্ষা, সামাজিক বিজ্ঞান/সাধারণ বিজ্ঞান।

নৈর্বাচনিক বিষয় সমূহ ঃ মানবিক ঃ ইতিহাস, ভূগোল, অর্থনীতি/পৌরনীতি।

বিজ্ঞান ঃ পদার্থ বিজ্ঞান, রসায়ন বিজ্ঞান, জীব বিজ্ঞান/উচ্চতর গণিত।

ব্যবসায় শিক্ষা শাখা ঃ সকল বিষয় সমূহ।

ঐচ্ছিক বিষয় ঃ কম্পিউটার শিক্ষা, কৃষি শিক্ষা ও উচ্চতর গণিত।

শর্তসমূহ ঃ

১। কোন অবস্থাতেই একে স্বীকৃতি হিসেবে গণ্য করা যাবে না।
২। ২৩/০৪/১৯৯৭ তারিখের নীতিমালা অনুযায়ী অন্যান্য শর্তাবলী যথাযথভাবে পূরণ করতে হবে।
৩। ৩০ (ত্রিশ) দিনের মধ্যে বোর্ডের বিধি মোতাবেক ০৫ (পাঁচ) সদস্য বিশিষ্ট কার্যনির্বাহী কমিটি গঠন করে বোর্ডে দাখিল করতে হবে।
৪। নিবন্ধন সংক্রান্ত যাবতীয় কাজ সম্পাদনের জন্য অত্র বোর্ডের বিদ্যালয় নিবন্ধন শাখায় যোগাযোগ করতে হবে।
৫। জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড অনুমোদিত এবং সরকারী নির্দেশ অনুযায়ী নির্ধারিত পাঠ্যক্রম অনুসরণ করতে হবে।
৬। বিদ্যালয় প্রাঙ্গনে ফলজ বৃক্ষ রোপন করতে হবে।
৭। বিদ্যালয়টির সীমানা প্রাচীর দিতে হবে।
৮। ভবিষ্যতে মহিলা কোটা পূরণ করতে হবে।
৯। NTRCA আইন ২০০৫ অনুসরণ করতে হবে এবং পরবর্তীতে জারীকৃত সরকারী প্রজ্ঞাপন সমূহ মেনে চলতে হবে।

বিদ্যালয় পরিদর্শক,
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী।

স্মারক নং- .....
তারিখ ঃ ৫/৪/১২ তারিখ ঃ ০৫/০৪/১২

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হইল ঃ-

১। মাননীয় সচিব, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মহা-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা, বাংলাদেশ।
৩। পরিচালক, ব্যানবেইস, নীলক্ষেত, ঢাকা।
৪। সিষ্টেম এনালিষ্ট, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৫। জেলা প্রশাসক, পাবনা।
৬। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, রাজশাহী অঞ্চল, রাজশাহী।
৭। জেলা শিক্ষা অফিসার, পাবনা।
৮। পরীক্ষা নিয়ন্ত্রক, রাজশাহী শিক্ষা বোর্ড।
৯। উপ-পরিচালক (হিসাব ও নিরীক্ষা) রাজশাহী শিক্ষা বোর্ড।
১০। সিষ্টেম এনালিষ্ট, রাজশাহী শিক্ষা বোর্ড কম্পিউটার কেন্দ্র, রাজশাহী।
১১। উপজেলা নির্বাহী অফিসার, সাঁথিয়া, পাবনা।
১২। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সাঁথিয়া, পাবনা।
১৩। ভারপ্রাপ্ত কর্মকর্তা বিদ্যালয় নিবন্ধন শাখা, রাজশাহী শিক্ষা বোর্ড।